গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।
ফোন ঃ ০২৯৯৬৬০০৭২৬, ইমেইল- sgovc@yahoo.com
ওয়েবসাইট : www.sugc.edu.bd

তারিখঃ ১৫/০৫/২০২৩খ্রি.

# বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সুনামগঞ্জ সরকারি কলেজের অনূর্ধ্ব ১৮ বছর বয়সী শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে **"শেখ রাসেল পদক ২০২৩"**-এর জন্য অনলাইনে (ওয়েবসাইটঃ **www.sheikhrussel.gov.bd**) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

বিস্তারিত তথ্যের জন্য www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

**পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ**

১। শিক্ষা (ব্যক্তি)
২। বিজ্ঞান ও প্রযুক্তি (ব্যক্তি)
৩। ক্রীড়া (ব্যক্তি)
৪। প্রতিভাবান বিশেষ চাহিদাসম্পন্ন শিশু-কিশোর (ব্যক্তি)
৫। শিল্পকলা ও সংস্কৃতি (ব্যক্তি)
৬। ক্ষুদে প্রোগ্রামরার (ব্যক্তি)
৭। ক্ষুদে উদ্ভাবক (ব্যক্তি)
৮। ক্ষুদে লেখক (ব্যক্তি)
৯। ডিজিটাল স্কুল (প্রতিষ্ঠান)
১০ ডিজিটাল এক্সিলেন্স (প্রতিষ্ঠান)

**সংযুক্তিঃ**
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি।

১৫.০৫.২০২৩খ্রি

**(প্রফেসর রজত কান্তি সোম)**
অধ্যক্ষ
সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ

E:\005 Office Work File\All Notice\001 Notice.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৩৩.২৩-৩৪২

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯ / ১০ এপ্রিল ২০২৩

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ 'শেখ রাসেল পদক ২০২৩' এর জন্য আবেদন আহ্বান।**

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। এরই প্রেক্ষিতে আগামী ১৮ অক্টোবর ২০২৩ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে **'শেখ রাসেল পদক ২০২৩'** প্রদান করার জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই, মূল্যায়ন ও ঘোষণার তফসিল নিম্নরূপঃ

| পর্যায় | সময়সীমা |
|---|---|
| আবেদন আহ্বান/বিজ্ঞপ্তি প্রকাশ | ১১ এপ্রিল |
| আবেদন দাখিল | ১৫ এপ্রিল - ২০ মে |
| যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকরণ | ২১ মে - ৩০ জুন |
| মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ | ০১ জুলাই - ৩১ আগস্ট |
| কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ | ০১ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর |
| ঘোষণা | ১৮ অক্টোবর |

উল্লিখিত আবেদনের সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

১. 'www.sheikhrussel.gov.bd' ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
২. আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণক আবশ্যিকভাবে দাখিল করতে হবে;
৩. পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছর অর্থাৎ ২০২০, ২০২১ ও ২০২২ (জানুয়ারি-ডিসেম্বর) এর কর্মকান্ড বিবেচনাপূর্বক 'শেখ রাসেল পদক ২০২৩' প্রদান করা হবে;
৪. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান একই উদ্ভাবন বা অবদানের জন্য পরবর্তীতে আর বিবেচিত হবেন না;
৫. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
৬. আবেদন দাখিলের ক্ষেত্রে 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' অনুসরণ করতে হবে।
৭. উক্ত নীতিমালা এবং বিস্তারিত তথ্যের জন্য www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

১০/০৪/২০২৩

মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০ ২৪১ ০২৪০৭২
ই-মেইল: dg@doict.gov.bd

**<u>পুরস্কার পরিকল্পনায় বিবেচ্য গুরুত্বপূর্ণ বিষয়াবলীঃ</u>**

১. আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

২. আবেদনপত্র বাতিলের ক্ষেত্রে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক বাতিল করতে হবে;

৩. কোনো পুরস্কারের ক্ষেত্রে কাঙ্ক্ষিত মানসম্পন্ন কোনো আবেদন পাওয়া না গেলে, সেক্ষেত্রে ঐ শ্রেণিতে পুরস্কার প্রদান ঐ বছরের জন্য স্থগিত থাকবে;

৪. পুরস্কার প্রদানের ক্ষেত্রে আবেদনের বছর হতে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছরের (জানুয়ারি-ডিসেম্বর) কর্মকান্ড বিবেচনায় নিতে হবে;

৫. এ নীতিমালায় উল্লেখিত মূল্যায়ন ছক অনুসরণপূর্বক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে;

৬. মূল্যায়নের সকল ক্ষেত্রে প্রমাণক বিবেচনায় নিতে হবে;

৭. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, পরবর্তীতে পুরস্কারপ্রাপ্ত ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান ঐ একই উদ্ভাবন বা অবদানের জন্য আর বিবেচিত হবেন না;

৮. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;

৯. এই পুরস্কার কার্যক্রমের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; এবং

১০. সময়ে সময়ে যথাযথ কর্তৃপক্ষ মূল্যায়ন ছক এবং আবেদন ফরম সংযোজন, বিয়োজন এবং পরিবর্তন করতে পারবে।